সমকাল

তারিখ ... 02 FEB 2015
পৃষ্ঠা: ২ কলাম: ৪

ছাত্র সংগ্রাম পরিষদ

# পরীক্ষার্থীদের কিছু হলে সমুচিত জবাব দেওয়া হবে

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

এসএসসি পরীক্ষার সময় হরতাল-অবরোধ দিয়ে ১৫ লাখ পরীক্ষার্থীর শিক্ষাজীবনকে ধ্বংস না করতে বিএনপি-জামায়াতের প্রতি আহ্বান জানিয়ে ছাত্র সংগ্রাম পরিষদ বলেছে, দেশের কোনো প্রান্তে এসএসসি পরীক্ষার্থীদের কিছু হলে তার সমুচিত জবাব দেওয়া হবে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত সংবাদ সম্মেলন থেকে ছাত্র সংগ্রাম পরিষদের নেতারা এই ঘোষণা দেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি এইচএম বদিউজ্জামান সোহাগ। উপস্থিত ছিলেন ছাত্রলীগের সাধারণ সম্পাদক সিদ্দিকী নাজমুল আলম, সহ-সভাপতি আবু হানিফ, যুগ্ম সম্পাদক শামসুল কবির রাহাত, শারমিন সুলতানা লিলি, দপ্তর সম্পাদক শেখ রাসেল, সমাজসেবা সম্পাদক কাজী এনায়েত, ঢাবি শাখা সভাপতি মেহেদী হাসান, সাধারণ সম্পাদক ওমর শরীফ, বাংলাদেশ ছাত্র মৈত্রীর সাধারণ সম্পাদক তানভীর রুসমত, জাসদ ছাত্রলীগের সাধারণ সম্পাদক শাহজাহান আলী সাজুসহ ছাত্র সংগ্রাম পরিষদের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

লিখিত বক্তব্যে বদিউজ্জামান বলেন, দেশে আজ গণতন্ত্র রক্ষার নামে ছাত্রছাত্রী, বাস-ট্রাকচালকসহ সাধারণ মানুষ হত্যার মহোৎসব চলছে। এ ছাড়া কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষাজীবনকে হুমকির মুখে ফেলে অপরাজনীতির খেলা শুরু করেছেন বিএনপি নেত্রী খালেদা জিয়া। পরীক্ষার সময় ডাকা হরতাল-অবরোধে প্রায় ১৫ লাখ এসএসসি পরীক্ষার্থীর চোখে আজ অন্ধকার, ঘোর অমানিশা।

তিনি আরও বলেন, সম্প্রতি স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষার্থী পেট্রোল বোমার আগুনে দগ্ধ হয়েছে। আর যদি কোনো শিক্ষার্থী ঝলসে যায় তাহলে হরতাল-অবরোধের হুকুমদাতাদেরও এর সমানুপাতিক জবাব দিতে প্রস্তুত ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ। এ সময় তিনি পেট্রোল বোমা নিক্ষেপকারী ও তাদের হুকুমদাতাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে সরকারের প্রতি আহ্বান জানান।